গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, সমন্বয় ও উন্নয়ন

# Public Private Partnership (PPP) প্রকল্পের আলোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কাজী ওয়াসিফ আহমাদ<br>সদস্য (প্রকৌশল ও সমন্বয়) |
| সভার তারিখ | ২৭-১০-২০২০ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সদস্য (প্রকৌশল ও সমন্বয়) এর অফিস কক্ষ (কক্ষ নং-২১৩), গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

**প্রকল্পের নাম: Public Private Partnership (PPP) পদ্ধতিতে বাস্তবায়নের জন্য Development of Commercial Cum Residential Complex at GEC More, Nasirabad, Chattagram শীর্ষক প্রকল্প।**

## ১.০. প্রারম্ভিক আলোচনা:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কার্যসূচি অনুযায়ী সভাকে জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশকে নিম্ন আয়ের দেশ হতে ২০২১ সালের মধ্যে উন্নয়নশীল দেশে এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে নীতিগত সিদ্ধান্ত নিয়ে নিরলস কাজ করে যাচ্ছে। সে উদ্দেশ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধির, বৃদ্ধির স্বার্থে সরকারী বিনিয়োগ এর পাশাপাশি দেশী-বিদেশী, বেসরকারী বিনিয়োগকেও উৎসাহিত করা হচ্ছে। তাছাড়া আইনী কাঠামো দেওয়ার লক্ষ্যে (1) The Bangladesh Public Private Partnership Act 2015 এবং (2) Procurement Guides Line for PPP Project 2018 জারী এবং তা কার্যকর করা হয়েছে।

- উপর্যুক্ত প্রকল্পটি পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের নিমিত্তে ০১-১১-২০১৭ খ্রিঃ তারিখে দরপত্র আহবান করা হয়। তিনটি প্রতিষ্ঠান Bid-এ অংশ গ্রহণ করে।
- প্রাপ্ত Bid-সমূহ বিশ্লেষণ করে Qualification and Tender Evaluation Committee (QTEC) ১৮-০৪-২০১৮, ১৫-০৫-২০১৮ এবং ১৪-০৬-২০১৮ খ্রিঃ তারিখের সভায় ২ টি Bidder কে Technical Responsiveness নির্ধারণ করেন।
- QTEC বিগত ১৮-০৭-২০১৮ ইং তারিখে ৪র্থ সভা করে Technical and Financial Score Combined করে Bidder দের Ranking চূড়ান্ত করেন এবং Preferred Bidder হিসাবে 1st Ranking Bidder CUC-Impulse (JV) কে অনুমোদনের লক্ষ্যে Head of Contracting Authority (HOCA) এর নিকট সুপারিশ করা হয়।
- QTEC এর মূল্যায়িত প্রতিবেদন Procurement Guideline for PPP Projects' 2016 এর 46.8 ধারা অনুযায়ী opinion/Comment জন্য পিপিপি কর্তৃপক্ষ বরাবর ২৯-০৭-২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়।
- PPP কর্তৃপক্ষ মূল্যায়ন প্রতিবেদনটি পরীক্ষা করে Preferred Eligible Bidder কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদিতে

  ১. পৃষ্ঠা নম্বরের অনুপস্থিতি,
  ২. Minimum Eligibility Criteria এর Category 1 প্রকল্পের সংজ্ঞার সাথে অসামঞ্জস্য,
  ৩. অতীত প্রকল্পের বিবরণে Innovative Construction Technology এর অনুপস্থিতি,
  ৪. দাখিলকৃত হার্ডকপি এবং ইলেকট্রনিক কপির মধ্যে অসামঞ্জস্য,
  ৫. স্বাক্ষরবিহীন লেআউট ডায়াগ্রাম,
  ৬. অগ্রহণযোগ্য Consortium চুক্তি

  —মোট ৬ টি অসামঞ্জস্যতা রয়েছে মর্মে মতামত প্রদান করেন । মতামতে আরও উল্লেখ করেন যে, "তাই উল্লিখিত Consortium- কে অ্যাওয়ার্ড করা হলে নিশ্চিতভাবে প্রকল্পটির বাস্তবায়ন অনিশ্চয়তার সম্মুখীন হবে।" পরবর্তী কার্যক্রম গ্রহনের পূর্বে উল্লিখিত বিষয় সমূহ সম্পর্কে মতামত প্রদানের জন্য PPP কর্তৃপক্ষ ১৪-০৮-২০১৮ খ্রিঃ তারিখে পত্র মারফত অনুরোধ করেন।

- জবাবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বিষয়গুলির উপর ২৯-০৮-২০১৮ খ্রিঃ তারিখে Clarification প্রেরণ করেন।
- তৎপ্রেক্ষিতে PPPA কর্তৃপক্ষ উল্লিখিত ৬ টি বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের Clarification এর উপর দফাওয়ারী পুনরায় মতামত প্রদান করেন এবং উল্লেখ করেন যে, "China United Engineering Corporation Limited এবং Impulse Properties Ltd এর মধ্যে সম্পাদিত চুক্তি পযালোচনায় দেখা যায় যে China United Engineering Corporation Limited এর কোন equity না থাকা এবং কোন লভ্যাংশ না নিয়েও কিভাবে ৯০% শেয়ারের মালিক হবে তা বোধগম্য নহে। এ বিষয়ে মূল্যায়ন কমিটি মূল্যায়ন প্রতিবেদনে কোন ব্যাখ্যা প্রদান করেননি।" দফাওয়ারী QTEC কমিটির ব্যাখ্যাসহ Procurement Guideline for PPP Projects-2018 এর অনুচ্ছেদ ৪৬.৯ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। (২৬-০৯-২০১৯ তারিখের পত্র)
- ১৯-০২-২০১৯ খ্রিঃ তারিখে QTEC এর মতামত সম্বলিত পুনঃ মূল্যায়ন প্রতিবেদন PPP কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়।
- জবাবে QTEC এর মূল্যায়ন প্রতিবেদন বিশ্লেষণ করে PPP কর্তৃপক্ষ দফা ওয়ারী মতামত ব্যক্ত করেন এবং ৪র্থ দফায় উল্লেখ করেন যে, "জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পত্রের জবাবে ২৯-১০-২০১৮ খ্রিঃ তারিখে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিবেচনার্থে CUC কর্তৃক Clarification প্রদান করা হয়। সুতরাং উক্ত Clarification/ব্যাখ্যা যদি জাগৃক এর বিবেচনায় গ্রহণযোগ্য মনে হয় তবে জাগৃক উক্ত ব্যাখ্যা গ্রহণ করতে পারে"।
- PPP কর্তৃপক্ষের মতামতের ধারাবাহিকতায় অত্র দপ্তর স্মারক নম্বর: ২৫.৩৮.০০০০.৬০১.৩৬ তারিখ: ২৮-০৯-২০২০ খ্রিঃ এ Preferred Bidder এর টেকনিক্যাল/ফিনান্সিয়াল বিষয়ে আইনগত ব্যাখ্যা প্রদানের জন্য (প্রয়োজনে আইন মন্ত্রণালয় থেকে) বিনীত অনুরোধ করা হয়।

- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ২৫.০৩১.০১৪.০২.০০.০১৫.২০১৫.৬৫/১; তারিখ: ২০-০৮-২০২০ খ্রিঃ মূলে অত্র কার্যালয়কে আইন ও বিধি বিধানের আলোকে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।
- জাগৃক এর ২৮-০৯-২০২০ তারিখের পত্রের মাধ্যমে Preferred Bidder এর কনসোর্টিয়াম চুক্তির গ্রহনযোগ্যতার বিষয়ে আইন মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়।
- ২৯-০৯-২০২০ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভার আলোচনার আলোকে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ পিপিপি কর্তৃপক্ষের সাথে আলোচনা/সভা অনুষ্ঠানের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করবে – মর্মে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮-১০-২০২০ তারিখের পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়।

**২.০. আলোচনা:-**

সভাপতি মহোদয় জানান যে, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮-১০-২০২০ তারিখে প্রদত্ত নির্দেশনার ধারাবাহিকতায় অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। উল্লিখিত ঘটনার ক্রমপুঞ্জি উপস্থাপনের পর তিনি উল্লেখ করেন যে, QTEC কর্তৃক ২৮-১১-২০১৮ তারিখের পুন: মূল্যায়ন পর্যায়ে PPP কর্তৃপক্ষের উত্থাপিত বিষয় সমূহের ব্যাখ্যা প্রদান করা হলেও Preferred Bidder এর Lead Member এর Equity ব্যতিত ৯০% শেয়ার এর কনসোর্টিয়াম চুক্তি এবং তাদের প্রদত্ত ২৯-১০-২০১৮ তারিখের পত্রের Clarification বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করেননি। পরবর্তীতে PPP কর্তৃপক্ষের ৩১-০৩-২০১৯ খ্রিঃ তারিখের পত্রেও কনসোর্টিয়াম চুক্তির Clarification এর বিষয়ে PPP কর্তৃপক্ষের কোন মতামত পাওয়া যায়নি। Procurement Guidelines for PPP projects 2018 এর 4(xxxv) নং অনুচ্ছেদে Lead Member এর ক্ষেত্রে বলা হয়েছে –

> a) Who has entered into an agreement with remaining Consortium Members to have at least 26% equity shareholding in the Project Company;

উল্লিখিত বিধিতে Lead Member এর জন্য ২৬% equity shareholding বাধ্যবাধকতা রয়েছে। Preferred Bidder এর Lead Member এর Equity ব্যতিত ৯০% শেয়ার এর কনসোর্টিয়াম চুক্তিটির আইন ও বিধি বিধানের আলোকে গ্রহনযোগ্যতার বিষয়ে তিনি সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নিকট হতে মতামত আহবান করেন।

PPP কর্তৃপক্ষ হতে আগত কর্মকর্তাগণ এ বিষয়ে তাদের বক্তব্য উপস্থাপন করেন। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাগণও তাদের মতামত ব্যক্ত করেন। দরপত্র দাখিলকালে Preferred Bidder এর Consortium চুক্তিপত্রে Lead Member এর ২৬% equity shareholding না থাকা সত্ত্বেও পরবর্তীতে তাদের কর্তৃক প্রদত্ত Clarification গ্রহণ করা হবে কিনা এ বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ বিশদ আলোচনার পরও ঐকমতে কোন সিদ্ধান্তে উপনীত হতে পারেননি। বিস্তারিত আলোচনার পর এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার একমাত্র QTEC এর -মর্মে সভায় একমত পোষণ করা হয় এবং দ্রুত QTEC এর সভা আহবান করে বিষয়টি নিষ্পত্তি করার আহবান জানানো হয়।

৩.০. সভায় আর কোন আলোচ্য বিষয় বস্তু না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী ওয়াসিফ আহমাদ
সদস্য (প্রকৌশল ও সমন্বয়)

স্মারক নম্বর: ২৫.৩৮.০০০০.৬০১.১৪.০১০.২০.২৩২

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
১১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
২) প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৫) পরিচালক , পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) এর দপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৬) উপ-পরিচালক, অর্থ ও হিসাব শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৭) আইন কর্মকর্তা, আইন কোষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮) প্রোগ্রামার , কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

শেখ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী